



## অনাক্রম্যকরণ (টিকাকরণ)

এখন এবং ভবিষ্যতে আপনার শিশুকে রক্ষা করুন

অনাক্রম্যকরণ, যা টিকাকরণ হিসাবেও পরিচিত সাধারণত ইনজেকশনের মাধ্যমে প্রয়োগ করা হয়। যুক্তরাজ্যে হেল্দি চাইল্ড প্রোগ্রাম-এর অংশ হিসাবে বাচ্চাদের বিভিন্ন রোগের বিরুদ্ধে টিকা দেওয়া। আপনার জিপি, ডাক্তারখানার নার্স বা স্বাস্থ্যকর্মীর কাছ থেকে আপনি টিকাকরণের উপর পরামর্শ পেতে পারেন। পেরেন্ট হেল্দি চাইল্ড হেল্থ রেকর্ড (লাল বই)-এ তা নথিভুক্ত করা হয়, সেই বইয়ে আপনার শিশুর স্বাস্থ্যের তথ্য থাকে এবং বইটি আপনার কাছে থাকে।

টিকাকরণ প্রধানত জীবনের প্রথম পাঁচ বছরের মধ্যে দেওয়া হয়। রোগের ঝুঁকি যতটা সম্ভব কম রাখার জন্য সঠিক বয়সে টিকা নেওয়া জরুরি। আপনার স্বাস্থ্যকর্মী বা জিবি-র কাছে পরামর্শ নিতে দ্বিধা করবেন না - ওনারা এই কাজের জন্যই আছেন! শৈশবের টিকাগুলি বিনামূল্যে পাওয়া যায় এবং অধিকাংশ আপনার জিপি-র ডাক্তারখানাতেই দেওয়া হয়।

সুরক্ষা বহাল থাকা নিশ্চিত করার জন্য কিছু টিকা একবারের বেশি দেওয়া হয়। একে বলা হয় বুস্টার, আপনার বাচ্চার তা পাওয়া নিশ্চিত করুন।

আপনি গর্ভবতী হলে, আপনার জিপি-র ডাক্তারখানায় আপনাকে হুপিং কাশির টিকা দেওয়া হবে। এই টিকা নেওয়ার আদর্শ সময় হল 28 থেকে 32 সপ্তাহ গর্ভাবস্থার সময়ে, আপনার শিশু হুপিং কাশি সংক্রমণ থেকে সুরক্ষিত হয়ে জন্মাবে, ছোট শিশুদের জন্য এটা একটি গুরুতর সংক্রমণ।

### 1.

টিকাকরণ দুই মাস বয়সে শুরু হয়, যখন শিশুর অসুখের প্রতি প্রাকৃতিক রোগ প্রতিরোধ ক্ষমতা কমতে শুরু করে।

### 2.

আপনার স্বাস্থ্যকর্মী আপনাকে জানাবেন কখন স্থানীয় টিকাকরণ অধিবেশনগুলি শুরু হবে।

### 3.

টিকাকরণ আপনার শিশুকে শুধু শৈশবেই সুরক্ষিত রাখে না, তাদের আজীবন সুরক্ষিত রাখে।

## জিপি-র মরামর্শ

বাম্বাদের অসুখের কবল থেকে রক্ষা করার জন্য টিকা দেওয়া হয় যে রোগগুলি খুব মারাত্মক হতে পারে এবং সেগুলি থেকে দীর্ঘ-মেয়াদি জটিলতা এবং মরণও হতে পারে।

আপনার শিশুকে সুরক্ষাকারী যে টিকাগুলি দেওয়া হয় তারজন্য অতি সামান্য ব্যথা পেতে হয়।

আপনার শিশুকে যে টিকাগুলি দেওয়া হয় সেগুলির বিষয়ে আপনি অতিরিক্ত তথ্য পেতে চাইলে, [www.nhs.uk](http://www.nhs.uk) ওয়েবসাইট দেখুন অথবা আপনার স্বাস্থ্যকর্মী, ডাক্তারখানার নার্স বা জিপির সাথে কথা বলুন।

### কখন টিকা দিতে হয়

দুই মাস বয়সে

তিন মাস বয়সে

চার মাস বয়সে

12 এবং 13 মাস বয়সের

মধ্যে- প্রথম জন্মদিনের এক মাসের মধ্যে

দুই, তিন এবং চার বছর বয়সে

তিন বছর চার মাস বয়সে বা তার ঠিক পরে

### যে অসুখগুলি থেকে সুরক্ষা দেয়

• ডিপথেরিয়া, টিটেনাস, পার্টুসিস (হুপিং কাশি), পোলিও এবং হিমোফিলাস ইনফ্লুয়েঞ্জা টাইপ b (Hib)

• নিউমোকোকাল অসুখ

• রোটাভাইরাস

• ডিপথেরিয়া, টিটেনাস, পার্টুসিস, পোলিও এবং Hib

• মেনিনগোকোকাল গ্রুপ C ডিজিজ (MenC)

• রোটাভাইরাস

• ডিপথেরিয়া, টিটেনাস, পার্টুসিস, পোলিও এবং Hib

• নিউমোকোকাল অসুখ

• Hib/MenC

• নিউমোকোকাল অসুখ

• হাম, মামস্ এবং রুবেলা (জার্মান হাম)

• ইনফ্লুয়েঞ্জা - ফ্লু ন্যাডাল স্প্রে টিকা আগামী বছরগুলিতে অন্য বয়সের বাম্বাদের ক্ষেত্রেও ক্রমশ বাদ দেওয়া হবে, আপনার ডাক্তারখানার নার্স বা স্বাস্থ্যকর্মীর সাথে পরামর্শ করুন।

• হাম, মামস্ এবং রুবেলা

• ডিপথেরিয়া, টিটেনাস, পার্টুসিস, এবং পোলিও (প্রাক-স্কুল বুস্টার)

উৎস: NHS ইমিউনাইজেশন ইনফরমেশন।

## স্বাস্থ্যকর্মীর পরামর্শ

আপনার শিশুর লাল বইটি অবশ্যই একটি নিরাপদ জায়গায় রাখবেন। আপনার জন্য তাদের শৈশবে টিকাকরণের এটাই একমাত্র সম্পূর্ণ নথি এবং এটা সচরাচর বয়স বাড়ার পরেও দরকার হয়। MenB টিকাটি গতানুগতিক শৈশব টিকাকরণ কর্মসূচীর একটি অংশ হিসাবে প্রবর্তন করা হবে, আপনার স্বাস্থ্যকর্মীর কাছ থেকে জেনে নিন।